

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 30-01-2026

Time : 1-40 PM

DEO : KB

Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-

Desk in Charge: KL

Compiling : Anindya C. & Indranil M.

NRT : Anindya C.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়াণ বার্ষিকী, আজ দেশজুড়ে শহীদ দিবস হিসেবে পালন করা হচ্ছে। # রাজ্যপাল সি ভি আনন্দ বোস গান্ধীঘাটে মহাত্মার স্মৃতির উদ্দেশে শন্দা জানান।
- ২/ নাজিরাবাদে অগ্নিকাণ্ডের ঘটনার প্রতিবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ গড়িয়ার ব্রিজি থেকে এক মিছিলে নেতৃত্ব দিচ্ছেন। #রাজ্যপাল ওই ঘটনায় গাফিলতির অভিযোগ তুলেছেন।
- ৩/ বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দলীয় কর্মসূচীতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন।
- ৪/ নির্বাচনী বুথের নিরাপত্তার দাবিতে এক মামলার প্রেক্ষিতে কলকাতা হাইকোর্ট, এক সপ্তাহের মধ্যে নির্বাচন কমিশনকে এক সপ্তাহের মধ্যে বক্তব্য জানানোর নির্দেশ দিয়েছে।
- ৫/ রাজ্যে ঐতিহ্যবাহী ধানের প্রজাতিকে রক্ষা ও জনপ্রিয় করার লক্ষ্যে একটি বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশ জুড়ে জাতির জনক মহাত্মা গান্ধীর ৭৮ তম প্রয়াণ বার্ষিকীতে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই দিনটি শহীদ দিবস হিসেবেও পালন করা হয়ে থাকে। সরকারি অনুষ্ঠানের পাশাপাশি বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন এর পক্ষ থেকে মহাত্মা গান্ধীর প্রয়াণ দিবস উপলক্ষে তার প্রতি শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ সকালে ব্যারাকপুর গান্ধী ঘাটে মহাত্মা গান্ধীর স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, প্রদেশ কংগ্রেস, গান্ধীজীর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।

এই উপলক্ষে নতুন দিল্লির রাজঘাটে অবস্থিত গান্ধী সমাধিতে সর্বধর্ম প্রার্থনার আয়োজন করা হয়েছে। উপরাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী আজ সকালে রাজঘাটে গিয়ে মহাত্মা গান্ধীর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। প্রতি বছর ৩০শে জানুয়ারী দেশের স্বাধীনতা সংগ্রামের পথপ্রদর্শক মহাত্মা গান্ধীর জীবনকে গোটা দেশ সম্মান জানায়। পাশাপাশি ভারতের স্বাধীনতা ও ঐক্যের জন্য জীবন উৎসর্গকারী সকল স্বাধীনতা সংগ্রামী এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে এই দিনটিকে শহীদ দিবস হিসেবেও পালন করা হয়।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ গড়িয়ার বিজি অঞ্চল থেকে নাজিরাবাদের উদ্দেশ্যে তাঁর মিছিল শুরু করেছেন। গতকাল হাইকোর্টের অনুমতি পাওয়ার পর বিজেপির তরফে শহীদ ক্ষুদ্রিরাম মেট্রো স্টেশন থেকে শুরু হয়ে নরেন্দ্রপুর থানার ২০০ মিটার আগে এই মিছিল শেষ হবে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বাবু বলেন, ঘটনার মূল অভিযুক্ত মুখ্যমন্ত্রীর বিদেশ সফরে ছিলেন বলে তাকে এখনো গ্রেপ্তার করা হয়নি। তিনি দোষীদের গ্রেপ্তারের পাশাপাশি যারা এখনো নিখোঁজ রয়েছে তাদের অনুসন্ধান এবং নিহতদের পরিবারের সদস্যদের সরকারি চাকরি দেবার দাবি জানিয়েছেন। দমকল মন্ত্রী সুজিত বসু এবং সংশ্লিষ্ট থানার আই সি-কে বরখাস্ত করার দাবী জানান তিনি।

উল্লেখ্য, নাজিরাবাদে অগ্নিকাণ্ডের ঘটনায় মোমো বিক্রিতা সংস্থার দুই কর্মীকে ইতিমধ্যেই গ্রেফতার করেছে নরেন্দ্রপুর থানা। সংস্থাটির গোডাউন ম্যানেজার রাজা চক্রবর্তী এবং ডেপুটি ম্যানেজার মণোরঞ্জন শিটকে গ্রেফতার করা হয়েছে বলে সুন্দের খবর। আজ তাদের আদালতে তোলা হবে।

ডেকরেটার সংস্থার মালিক গঙ্গাধর দাসের চৌঠা ফেরুয়ারী পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। অগ্নিকাণ্ডে ঠিক কতজনের মৃত্যু হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। তবে, ২৫ জনের দেহাংশ উদ্ধার হয়েছে বলে খবর। ঘটনাস্থলে ১৬৩ ধারা জারি রয়েছে। ২৭ জনের নামে নিখোঁজের ডায়রি হয়েছে বলে পুলিশ সুন্দের খবর।

রাজ্যপাল সিভি আনন্দ বোস ইতিমধ্যেই নাজিরাবাদে পৌঁছেছেন। অগ্নিকাণ্ডের ঘটনাস্থল পরিদর্শন করেন তিনি। তিনি বলেন, অগ্নিকাণ্ড কোনও দুর্ঘটনা নয়, এর পিছনে গাফিলতি রয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গুদাম মালিক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমানভাবে দায়ী। সময়মতো পরিদর্শন, নজরদারি ও অগ্নি-নিরাপত্তা বিধি কার্যকর করা হলে এই ধরণের বিপর্যয় এড়ানো যেত। অবিলম্বে কঠোরভাবে আইন প্রয়োগের নির্দেশিকা জারি করা হচ্ছে বলেও জানান তিনি। তিনি বলেন শৃঙ্খলা রক্ষায় কর্তৃপক্ষের ব্যর্থতা কাম্য নয়। ভবিষ্যতে, যাতে এই ধরণের ঘটনা না ঘটে দেই দিকে সতর্ক দৃষ্টি রাখতে বলেন তিনি।

(বাইট- গভর্নর)

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে আসছেন। দলীয় সুন্দের জানা গেছে, আজ রাতে তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। নিউটাউনে একটি বেসরকারি হোটেলে তিনি রাতে থাকবেন। আগামীকাল ব্যারাকপুরে দলীয় কর্মসূচিতে অংশ নেবেন শ্রী শাহ। এরপর শিলিগুড়িতে একটি কর্মসভায় অংশ নেবেন তিনি। সভায় কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, শিলিগুড়ি সাংগঠনিক জেলায় বিপুল সংখ্যক দলীয় কর্মী উপস্থিত থাকবেন বলে মনে করা হচ্ছে।

লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশের দিন আগামী পয়লা ফেব্রুয়ারী, সকাল ১০ টা ১০ থেকে দুপুর একটা ১'টা পঞ্চাশ বা বাজেট পেশ শেষ না হওয়া পর্যন্ত আকাশবাণীর গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে সরাসরি এর সম্প্রচার করা হবে। এর ফলে বাংলা সংবাদ সম্প্রচারে কিছু পরিবর্তন করা হচ্ছে।

সকাল ১০ টা ১০-এর খবর আগের মতোই সঞ্চয়িতা-য শোনা যাবে। ১২'টা ৩০-এর গ্রামীণ এবং ১২'টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে, FM রেনবো চ্যানেলে।

বাজেট পেশ সম্প্রচারের পর গীতাঞ্জলী-তে শোনা যাবে, ১'টা ৩০-এর জাতীয় সংবাদ ১'টা ৫০-এ এবং ১'টা ৪০-এর আঞ্চলিক সংবাদ দুপুর ২'টোয়।

বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮'টা ১০-এর ‘খেলার খবর’, নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

ওই দিন বাজেট নিয়ে আলোচনা শুনবেন রাত ৮'টা ৩০ থেকে ৯'টা পর্যন্ত গীতাঞ্জলী ও FM রেনবো-তে।

নির্বাচনী বুথের নিরাপত্তার দাবিতে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের দায়ের করা জনস্বার্থ মামলায় এক সপ্তাহের মধ্যে নির্বাচন কমিশনকে তাদের বক্তব্য জানানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ বলেছেন, নির্বাচন কমিশন এই ব্যাপারে রাজ্যকে পদক্ষেপ করতে নির্দেশ দিতে পারে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য গত ১৩-ই জানুয়ারি রাজ্যের প্রায় ৮৩ হাজার বুথের নিরাপত্তা সুনিশ্চিত করার আর্জি নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন। তিনি, এই ব্যাপারে কেন্দ্রের হস্তক্ষেপও দাবি করেন।

নির্বাচন কমিশন জানিয়েছে SIR-এর শুনানি প্রক্রিয়ায় যে সব ভোটার নির্ধারিত নথি ছাড়া অন্য নথি পেশ করেছেন তাদের নাম চূড়ান্ত তালিকা থেকে বাদ যাবে।

উল্লেখ্য, অন্য নথি জমা দিয়েছেন এমন ভোটারের সংখ্যা ইতিমধ্যেই কয়েক লক্ষ ছাড়িয়েছে। যেসব সহকারী নির্বাচনী আধিকারিক এই নথি গ্রহণ করে তা অনলাইনে আপলোড করেছেন, তাঁদের একটি পৃথক তালিকাও প্রস্তুত করেছে কমিশন। ওইসব আধিকারিকদের বিরুদ্ধে দায়িত্ব পালনে গাফিলতি বা নিয়মভঙ্গের প্রমাণ মিললে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে আলোচনা করতে আজ নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে ভার্চুয়াল মাধ্যমে বৈঠকে বসেছে রাজ্য সিইও দফতর। ওই বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক সিইও মনোজ আগরওয়াল উপস্থিত রয়েছেন বলে সূত্রের খবর। উপস্থিত আছেন পর্যবেক্ষক, জেলা নির্বাচনী আধিকারিক -রাও।

রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষার দিন ঘোষণা করেছে স্কুল সার্ভিস কমিশন। আগামী পয়লা মার্চ গ্রুপ-সি বা করণিক নিয়োগের পরীক্ষা হবে। ৮ই মার্চ হবে গ্রুপ-ডি পদে নিয়োগের পরীক্ষা। গতকাল এই সংক্রান্ত নির্দেশিকা জারি করেছে স্কুল সার্ভিস কমিশন। দুদিনের পরীক্ষাটি শুরু হবে বেলা বারোটায়। গ্রুপ-সি-র পরীক্ষার সময় এক ঘন্টা ৫০ মিনিট। গ্রুপ-ডির পরীক্ষা চলবে এক ঘন্টা কুড়ি মিনিট। দৃষ্টি সংক্রান্ত বিশেষভাবে সক্ষম ও লিখতে অসুবিধা থাকা পরীক্ষার্থীদের ৩০ মিনিট অতিরিক্ত সময় দেওয়া হবে। মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ১৬ লক্ষ।

উল্লেখ্য, ২০১৬ -র প্যানেল বাতিলের পর নতুনভাবে নিয়োগ করার নির্দেশ দেওয়া হয়েছিল। ওই নির্দেশ মেনে শিক্ষক নিয়োগের পরীক্ষা সম্পন্ন হয়েছে। একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগ প্রক্রিয়াও প্রায় শেষের মুখে।

পূর্ব বর্ধমানের নবাবহাট এলাকায় ১৯ নং জাতীয় সড়কে আজ ভোরে দুর্গাপুরের দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাসের ধাক্কায় কর্তব্যরত এক হোম গার্ডের মৃত্যু হয়েছে।

মৃতের নাম ত্রিদিব দে। একজন এ এস আই ও পুলিশ ভ্যানের চালক আহত হয়েছেন।
বাসটিকে আটক করেছে বর্ধমান থানার পুলিশ।

উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ ব্লক প্রাণিসম্পদ বিকাশ বিভাগের উদ্যোগে শহরজুড়ে
আজ পথ কুকুরদের গণ-টিকাকরণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। উপস্থিত ছিলেন
কালিয়াগঞ্জ পথগায়েত সমিতির সভাপতি হিরন্ময় সরকার, ব্লক প্রাণিসম্পদ আধিকারিক
সহ অন্যান্য বিভাগের কর্মী ও সমাজসেবীরা। তিনি বলেন, জলাতক্ষ একটি অত্যন্ত
মারাত্মক রোগ, তবে সচেতনতা ও টিকাকরণের মাধ্যমে এই রোগ প্রতিরোধ সম্ভব।
তিনি আরও বলেন, প্রাণিসম্পদ বিকাশ দণ্ডের নিয়মিতভাবে এই ধরণের কর্মসূচি পালন
করে আসছে।

কলকাতার ইতিহাস সংরক্ষণের জন্য মিউজিয়াম গড়ে তুলবে কলকাতা পুরসভা। পুর
সভার গতকাল কলকাতা পুরসভার মাসিক অধিবেশনে রাজ্যের পুর ও নগর উন্নয়ন
মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম একথা জানিয়েছেন।
তিনি বলেন, কলকাতার ঐতিহ্যবাহী টাউন হলে এই মিউজিয়াম গড়ে তোলা হবে।
কলকাতার সাহিত্য, সংস্কৃতি, তথ্য, গন্তব্য সহ ঐতিহ্যের সঙ্গে যুক্ত নানা সামগ্রী এই
মিউজিয়ামে থাকবে। সমস্ত তথ্য ডিজিটাইজড করা হবে। খড়গপুর আইআইটি কে এ
কাজে দায়িত্ব দেওয়া হয়েছে। রাজ্য সরকারের তরফ থেকে অনুমতি পাওয়া গেলে
মিউজিয়ামের কাজ শুরু করা হবে বলে মেয়র জানিয়েছেন।

শীতলকুচির লালবাজারে গিরিধারী নদীর ওপরের সেতুতে আজ সকালে একটি
পাথর বোঝাই ডাম্পার পার হতে গেলে সেতুটি ভেঙে পড়ে। ফলে শীতলকুচির সঙ্গে
সিতাইয়ের সরাসরি সংযোগ বিচ্ছিন্ন হওয়ায় সমস্যায় পড়েছেন ওই অঞ্চলের মানুষ।
স্থানীয় মানুষের অভিযোগ দীর্ঘদিন ধরে সেতুটি বেহাল অবস্থায় থাকলেও প্রশাসনের
পক্ষ থেকে সেতুটি সংস্কারের কোন ব্যবস্থা নেয়া হয়নি।

শীতের আমেজ থাকলেও রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ ধীরে ধীরে বাড়ছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে তিন দশমিক দুই ডিগ্রি বেশি। আজ উত্তরবঙ্গের পাঁচ জেলায় এবং দক্ষিণ বঙ্গের বেশ কিছু জায়গায় বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আগামী ৭ দিনে সারারাজ্যেই শুষ্ক আবহাওয়া থাকবে এবং তাপমাত্রার বিশেষের ফের হবেনা বলে আলিপুর আবহাওয়া দণ্ডন জানিয়েছে।

রাজ্য হারিয়ে যেতে বসা ঐতিহ্যবাহী ধানের জাতগুলি রক্ষা ও সে গুলিকে জনপ্রিয় করবার পাশাপাশি কৃষকদের আর্থিক উন্নতির দিশা দিতে এক বিশেষ উদ্যোগ নিয়েছে নদীয়ার মোহনপুরের বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। সুগন্ধি জাতীয় ধানের উৎপাদন, বিপন্ন, ভৌগোলিক চিহ্নিতকরণের উপর দুদিন ব্যাপী এক কর্মশালার গতকাল সূচনা হয়। বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন হলে আন্তর্জাতিক, জাতীয় স্তরের বিজ্ঞানী, কৃষি অধিকারিক, কৃষক গোষ্ঠী, কৃষি বিপণনের পদস্থ প্রমুখ উপস্থিতি ছিলেন। উত্তর দিনাজপুরের কৃষি সংগঠন, পূর্ব বর্ধমানের কৃষি সমবায় সমিতি ও নদীয়া জেলার বেশ কিছু কৃষককে এদিন বিশেষ সম্মাননা জানানো হয়। উত্তর ২৪ পরগনা ও মুর্শিদাবাদ জেলার কৃষকদের বই ও যন্ত্রাংশ তুলে দেওয়া হয়। এই কর্মশালার ফলে কৃষি ব্যবস্থার উন্নয়ন ঘটবে বলে বিশ্ববিদ্যালয়ের মুখ্য বিজ্ঞানী ডক্টর মৃত্যুঞ্জয় ঘোষ আশা ব্যক্ত করেছেন।
